দৈনিক
জনকণ্ঠ

19 OCT 2017

# স্কুল কলেজে ইংরেজীর ক্লাস ইংরেজীতেই

**স্টাফ রিপোর্টার ॥** শ্রেণীকক্ষে স্কুল ও কলেজে ইংরেজী বিষয়ের ক্লাস ইংরেজীতেই পরিচালনার আদেশ জারি করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। এছাড়া প্রত্যেক শিক্ষার্থীকে দেশপ্রেমিক ও নৈতিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে তোলার জন্য নৈতিক শিক্ষা প্রদান ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে বলা হয়েছে। মাউশির মহাপরিচালক অধ্যাপক ড. এস এম ওয়াহিদুজ্জামান স্বাক্ষরিত এক আদেশে একথা বলা হয়েছে। অভিযোগ আছে, দেশের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানেই ইংরেজী বিষয়ের ক্লাস ইংরেজীতে পরিচালনা করা হয় না। তাই অধিদফতর থেকে শিক্ষকদের ইংরেজী ক্লাস ইংরেজিতেই পরিচালনার জন্য বলা হয়েছে। মাউশির আদেশে বছরের শুরুতে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরে শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার গল্প শোনাতে বলা হয়েছে শিক্ষকদের। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের লাইব্রেরিতে শিক্ষার্থীদের নাগালের মধ্যে ওপেন সেলফে 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র' (১৫ খণ্ড) পড়ার জন্য উন্মুক্ত রাখতে বলা হয়েছে মাউশির আদেশে। শিক্ষার্থীদের নৈতিকতা ও মূল্যবোধ শেখাতে নির্দেশ দিয়ে আদেশে বলা হয়, শিক্ষকরা ক্লাসে দুটি করে নৈতিক বাক্য ব্যাখ্যা করবেন। যাতে শিক্ষার্থীরা তা বাস্তব জীবনে প্রয়োগ করতে পারে।

**প্রাথমিকের প্রধান শিক্ষক পদে নিয়োগ পেলেন ৪৭০ জন ॥** সরকারী কর্মকমিশনের (পিএসসি) সুপারিশের ১৫ মাস পর নন-ক্যাডারে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে নিয়োগ পেলেন ৩৪তম বিসিএসে উত্তীর্ণ ৪৭০ জন।